ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৫৫০

কুমারঘাট, ৩ জুলাই, ২০২৫

**ঊনকোটি ভিলেজের হালামবস্তি এসবি স্কুলে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়**

কুমারঘাট মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল দক্ষিণ ঊনকোটি ভিলেজের সোনাইমুড়ির হালামবস্তি এসবি স্কুলে এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত থেকে নিজ নিজ দপ্তরের প্রকল্পগুলো সম্পর্কে জনগণকে সচেতন করেন এবং এর সুবিধা প্রদান করেন। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে পিআরটিসি'র জন্য ৬৪টি, এসটি সার্টিফিকেটের জন্য ৭০টি, এসসি সার্টিফিকেটের জন্য ১টি এবং ওবিসি সার্টিফিকেটের জন্য ৪টি আবেদনপত্র গ্রহণ করা হয়। এছাড়া তাৎক্ষণিক আবেদনের ভিত্তিতে ২৯ জনকে আয়ের শংসাপত্র প্রদান করা হয়। নতুন আধার কার্ড ও আধার আপডেটের জন্য ৯টি আবেদনপত্র গ্রহণ করা হয়। এছাড়া প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে মোট ১০০টি গৃহপালিত পশু-পাখির চিকিৎসা করে প্রয়োজনীয় ওষুধ বিনামূল্যে প্রদান করা হয়। তাতে ৩৬টি প্রাণীপালক পরিবার উপকৃত হয়। শিবিরে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৩৭ জনের চিকিৎসা করে বিনামূল্যে প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়। মৎস্য দপ্তর থেকে মৎস্যজীবিদের কিষাণ ক্রেডিট কার্ড প্রদানের জন্য ৫টি আবেদনপত্র গ্রহণ করা হয়।

*******